# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৭]

১। ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩০. বংশের প্রতি কটাক্ষের এবং উচ্চৈঃস্বরে বিলাপের উপর কুফুরী শব্দের প্রয়োগ।

باب إِطْلاَقِ اسْمِ الْكُفْرِ عَلَى الطَّعْنِ فِي النَّسَبِ وَالنِّيَاحَةِ عَلَى الْمَيِّتِ

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، ح وَحَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ، ـ وَاللَّفْظُ لَهُ ـ حَدَّثَنَا أَبِي وَمُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، كُلُّهُمْ عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " اثْنَتَانِ فِي النَّاسِ هُمَا بِهِمْ كُفْرٌ الطَّعْنُ فِي النَّسَبِ وَالنِّيَاحَةُ عَلَى الْمَيِّتِ " .

বাংলা

১৩০-(১২১/৬৭) আবূ বকর ইবনু শাইবাহ ও ইবনু নুমায়র (রহঃ) ..... আবূ হুরাইরাহ (রাযিঃ) বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, দু’টো স্বভাব মানুষের মাঝে রয়েছে, যা কুফুর বলে গণ্য বংশের প্রতি কটাক্ষ করা* এবং মৃত ব্যক্তির জন্য উচ্চস্বরে বিলাপ করা**। (ইসলামিক ফাউন্ডেশনঃ ১৩১, ইসলামিক সেন্টারঃ ১৩৫)

## English

Chapter: Use of the word Kufr with regard to slandering people's lineage and wailing

It is narrated on the authority of Abu Huraira that the Messenger of Allah (may peace and blessings be upon him) observed: Two (things) are found among men which are tantamount to unbelief: slandering one's lineage and lamentation on the dead.

ফুটনোট

* বংশের প্রতি কটাক্ষ করা, যেমন কাউকে বলা তুমি নিচু বংশের অভদ্র, কিংবা তোমার বংশই খারাপ বলা কিংবা দাসীর পেটের আর কত ভাল হবে। এগুলো বলা কাফিরদের অনুকরণ করা। কারণ, জাহিলী সমাজ চরিত্রে বংশ গৌরব খুব প্রচলন ছিল। অথচ আমরা সকলে আদাম সন্তান, আদাম সন্তানের মর্যাদা তার আল্লাহভীরু হওয়ার

উপর নির্ভর করে।

** মৃত ব্যক্তির জন্য বিলাপ করে অর্থাৎ তার গুণ উল্লেখ করে উচ্চস্বরে কাঁদা, উভয়টাই কাফিরদের আচরণ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=46887

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন